

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ২২৮(৮)

তারিখ : ২৭/০৮/২০২৩

ফরম নং-২৭০
(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়েলের ১২৯ নং বিধি)

আদেশপত্র

তারিখ..... হইতে..... পর্যন্ত
জেলা.....২০.....সালের..... পর্যন্ত

মামলার ধরণ : জনাব আ: হাকিম হাওলাদার, পিতা-মৃত মো: ইউসুফ হাওলাদার, মাতা-ইজজাতন নেছা, গ্রা: পাতাবালী, কালকিনি, মাদারীপুর এর গত ১৩/০৮/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে (আপীল মামলা নম্বর ৮১/২০২৩)।

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও অফিসারের স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
২৭/০৮/২০২৩	<p>জনাব আ: হাকিম হাওলাদার, পিতা-মৃত মো: ইউসুফ হাওলাদার, মাতা-ইজজাতন নেছা, গ্রা: পাতাবালী, কালকিনি, মাদারীপুর এর গত ১৩/০৮/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ২৭/০৮/২০২৩ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।</p> <p>দেখলাম। আপীলকারী অনুপস্থিত।</p> <p>সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য :</p> <p>শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, মাদারীপুর এর প্রতিনিধি জনাব এস এম ফুয়াদ, সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে-</p> <p>তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনাব আ: হাকিম হাওলাদার, পিতা- মৃত মো: ইউসুফ হাওলাদার, সাং- পাতাতলী, কালকিনি, মাদারীপুর কর্তৃক দাখিলকৃত আপীল আবেদনে (আপীল মামলা নম্বর ৮১/২৩) জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুরে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮ ধারা মোতাবেক দাখিলকৃত তথ্য প্রাপ্তির আবেদনের কোন সূত্র উল্লেখ বা সংযুক্ত করা হয়নি বিধায় কোন</p>	



আবেদনের প্রেক্ষিতে আপীল দায়ের করা হয়েছে তা বোধগম্য নয়। এর ফলে আবেদনকারীর চাহিত তথ্য প্রদান করা হয়েছে কি না বা প্রদান করা না হলে কেন প্রদান করা হয় নি তা অবহিত করা সম্ভব হচ্ছে না।

আপীলকারীর বক্তব্য :

আপীলকারী অনুপস্থিত।

পর্যালোচনা : সরকার পক্ষে জেলা প্রশাসক, মাদারীপুর এর প্রতিনিধি বক্তব্য শুনলাম এবং আপীলকারী অনুপস্থিত। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমাণক পর্যালোচনা করলাম। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।

আদেশ : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী জনাব আ: হাকিম হাওলাদার এর দাখিলকৃত আবেদন এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, মাদারীপুর এর প্রতিনিধি জনাব এস এম ফুয়াদ, সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তার লিখিত বক্তব্যের প্রেক্ষিতে আপীল আবেদনটি নামঞ্জুরপূর্বক নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক।

২৭/০৮/২৩

মোঃ শাহরিয়াজ, বিপিএএ

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)


ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২-

তারিখ : ২৭/০৮/২০২৩

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, মাদারীপুর।

- ৫। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
(এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। জনাব আ: হাকিম হাওলাদার, পিতা-মৃত মো: ইউসুফ হাওলাদার, মাতা-ইজজাতন নেছা, গ্রা: পাতাবালী,
কালকিনি, মাদারীপুর।


29/06/16

আল-আমিন হালদার
সহকারী কমিশনার
ঢাকা বিভাগ, ঢাকা।